

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd



সূত্র: ২৪.০৯.০০০০.০০০.৯৯.৪১৩.১৯/৭৬৪

তারিখ: ২৭-১০-২০২১ইং

বিষয়: আগামী ১৭ ডিসেম্বর ২০২১ হতে ০২ জানুয়ারী ২০২২ সময়ে কলকাতা সাইন্সসিটিতে ১৭ দিনব্যাপী India International Mega Trade Fair এবং ২০-২৩ এপ্রিল ২০২২ সময়ে হংকং এ অনুষ্ঠিতব্য HKTDC House ware and Home Textiles Fair 2022-শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসংগে।


জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি'র) তালিকাভুক্ত সম্মানিত উদ্যোক্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭ ডিসেম্বর ২০২১ হতে ০২ জানুয়ারী ২০২২ সময়ে কলকাতা সাইন্সসিটিতে ১৭ দিনব্যাপী India International Mega Trade Fair এবং আগামী ২০-২৩ এপ্রিল ২০২২ সময়ে হংকং এ HKTDC House ware and Home Textiles Fair 2022-শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে।

২। উভয় মেলায় অংশগ্রহণের জন্য ইপিবি ও জেডিপিসি প্রাথমিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ রপ্তানী উন্নয়ন ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র ৩০ অক্টোবর ২০২১ তারিখে এর মধ্যে জেডিপিসি'র মেলা বিভাগে জমা দেয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। আবেদনপত্র রপ্তানী উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট থেকে www.epb.gov.bd ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের সাথে (ট্রেডলাইসেন্স, ইআরসি, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্টের ফটোকপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থবছরের পিআরসি) অবশ্যই দাখিল করতে হবে।

৩। কলকাতার মেলায় স্টল প্রতি ফি নির্ধারণ করা হয়েছে টাকা =১,৮৬,০০০/- (এক লক্ষ ছিয়াশি হাজার) এবং হংকং মেলায় স্টল প্রতি ফি নির্ধারণ করা হয়েছে টাকা =৪,৯১,০০০/- (চার লক্ষ একানব্বই হাজার) টাকা মাত্র। মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে ইপিবি কর্তৃক নিম্নরূপ হারে ভূর্তকী (Subsidy) প্রদান করা হবেঃ

ক্রমিক নং	রপ্তানী আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১।	রপ্তানীকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪০%
০৪।	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“খ”	৫০%

৪। তা'ছাড়া, ইপিবি'র প্রদত্ত সাবসিডি ছাড়াও জেডিপিসি স্টল প্রতি ২৫% সাবসিডি প্রদান করবে। ভিসা ইস্যু সম্পূর্ণই দুতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধির ভিসা প্রাপ্ত না হলে ইপিবি ও জেডিপিসি'র উপর দায়-দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে স্টল ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।


(মোহাম্মদ আলী) ২৭/১০/২১
লিয়াজৌ অফিসার
মোবা: ০১৭১১২৭৪৯২৪

বিতরণ:

১। জেডিপিসি'র সকল তালিকাভুক্ত উদ্যোক্তাগণ।